

## হযরত আমীরুল মুমেনীন খলীফাতুল মসীহ আল্ খামেস মির্যা মাসরুর আহমদ (আই.)-এর সমীপে

### বয়আতের আবেদন

السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ  
شَهِدَانِي لِلَّهِ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ  
شَهِدَانِي لِلَّهِ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ

অর্থ: আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ্ ভিন্ন কোন উপাস্য নেই, তিনি এক-অদ্বিতীয়, তাঁর কোন শরীক নেই এবং আমি সাক্ষ্য দিচ্ছি, মুহাম্মদ (সা.) তাঁর বান্দা ও রসূল।

আমি আজ (হযরত মির্যা) মাসরুর আহমদ (আইয়্যাদাহুল্লাহ্ তালা বেনাসরিহিল আযীযা)-এর হাতে বয়আত করে আহমদীয়া মুসলিম জামাতে অন্তর্ভুক্ত হচ্ছি। হযরত মুহাম্মদ রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলায়হে ওয়াসাল্লামকে আমি খাতামান নবীঈন বলে দৃঢ় ও পরিপূর্ণ বিশ্বাস পোষণ করি। হযরত মুহাম্মদ রসূলুল্লাহ্ (সা.) প্রদত্ত শুভসংবাদ অনুযায়ী আমি হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী আলায়হেস সালামকে মসীহ মাওউদ ও ইমাম মাহদী বলে মান্য করি।

আমি অস্বীকার করছি, হযরত মসীহ মাওউদ আলায়হেস সালাম কর্তৃক নির্ধারিত বয়আতের দশটি শর্ত সযন্ত্রে পালন করতে সর্বদা চেষ্টা করব। ধর্মকে পার্থিব বিষয়াদির ওপরে অগ্রাধিকার প্রদান করব। আহমদীয়া খিলাফতের সাথে সর্বদা বিশ্বস্ততার সম্পর্ক রক্ষা করব এবং খলীফাতুল মসীহ হিসাবে আপনার সকল কল্যাণময় নির্দেশ পালনে সচেষ্ট থাকব।

أَسْتَقْفِرُ اللَّهَ رَبِّي مِنْ كُلِّ ذَنْبٍ وَأَتُوبُ إِلَيْهِ-  
أَسْتَقْفِرُ اللَّهَ رَبِّي مِنْ كُلِّ ذَنْبٍ وَأَتُوبُ إِلَيْهِ-  
أَسْتَقْفِرُ اللَّهَ رَبِّي مِنْ كُلِّ ذَنْبٍ وَأَتُوبُ إِلَيْهِ-

অর্থ: আমি আমার প্রভু আল্লাহ্ তালালার নিকট আমার সমুদয় পাপ হতে ক্ষমা প্রার্থনা করি এবং তাঁরই সমীপে প্রত্যাবর্তন করি।

(৭) অহংকার ও দম্ব সর্বতোভাবে পরিহার করবে। নমতা, বিনয়, সাদাচরণ, সহনশীলতা ও দীনতার সাথে জীবনযাপন করবে।

(৮) ধর্ম ও ধর্মের সম্মান এবং ইসলামের প্রতি আন্তরিকতাকে নিজ ধনপ্রাণ, মানসম্বন্ধ, সন্তানসন্ততি ও সকল প্রিয়জন হতে প্রিয়তর জ্ঞান করবে।

(৯) কেবল আল্লাহ্ তালালার সম্বন্ধি লাভের উদ্দেশ্যে তাঁর সৃষ্ট সকল জীবের সেবায় রত থাকবে এবং খোদাপ্রদত্ত নিজ শক্তি ও সম্পদ ব্যয়ে মানবজাতির যথাসাধ্য হিতসাধন করবে।

(১০) শুধুমাত্র আল্লাহ্‌র সম্বন্ধি লাভের উদ্দেশ্যে মার্কফ তথা ধর্মানুমোদিত সকল আঙ্গা পালন করার প্রতিজ্ঞায় এই অধর্মের সাথে আত্মতৃবন্ধনে আবদ্ধ হয়ে আমৃত্যু এতে অটল থাকবে। আর এই আত্মতৃবন্ধনে এমন মহান পর্যায় উপনীত থাকবে যার দৃষ্টান্ত জাগতিক কোন সম্পর্ক ও বন্ধনে অথবা তাৎসেবকসুলভ অবস্থার মাঝে খুঁজে পাওয়া যাবে না।

(ইশতেহার তকমীলে তবলীগ: ১২ জানুয়ারি, ১৮৮৯ইং)

### মৌলিক বিশ্বাস সম্পর্কে হযরত মসীহ মাওউদ (আ.) বলেন:

“যে পাঁচটি স্তম্ভের ওপর ইসলামের ভিত্তি স্থাপিত, তা-ই আমাদের আকীদা বা ধর্ম-বিশ্বাস।... আমরা ঈমান রাখি, খোদা তালা ছাড়া কোন মা'বুদ নেই এবং সাইয়েয়েদনা হযরত মুহাম্মদ মুস্তফা (সা.) আল্লাহ্‌র রসূল এবং খাতামুল আখিয়া। আমরা ঈমান রাখি, ফিরিশতা, হাশর, জান্নাত এবং জাহান্নাম সত্য এবং আমরা আরও ঈমান রাখি, কুরআন শরীফে আল্লাহ্ তালা যা বলেছেন এবং আমাদের নবী (সা.) থেকে যা বর্ণিত হয়েছে উল্লিখিত বর্ণনানুসারে তা সবই সত্য। আমরা এ-ও ঈমান রাখি, যে ব্যক্তি এই ইসলামী শরীয়ত হতে বিন্দুমাত্র বিচ্যুত হয় অথবা যে বিষয়গুলো অবশ্যকরণীয় বলে নির্ধারিত তা পরিত্যাগ করে এবং অবৈধ বস্তুক বৈধকরণের ভিত্তি স্থাপন করে, সে ব্যক্তি বে-ঈমান এবং ইসলাম বিরোধী। আমি আমার জামাতকে উপদেশ দিচ্ছি, তারা যেন বিন্দুক অন্তরে পবিত্র কলোমা 'লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহু'-এর প্রতি ঈমান রাখে এবং এ ঈমান নিয়ে মৃত্যুবরণ করে।” (আইয়ামুস সুলেহ, পৃ. ৮৬-৮৭)